মেহেরপুর পৌর মেয়রের খাদ্য বিতরণ অব্যাহত

ঈদের পর আবারো শুরু হয়েছে মেহেরপুর পৌর মেয়রের খাদ্য বিতরণ কর্মসূচি। ধনী-গরিব দলমত নির্বিশেষে প্রত্যেক পরিবারের কাছে পৌঁছে যাচ্ছে মেয়রের খাদ্য সামগ্রী।

করোনার প্রাদুর্ভাবের শুরু থেকে প্রতিটি ওয়ার্ডের প্রতিটি বাড়িতে বাড়িতে গিয়ে খাদ্য তুলে দিচ্ছেন মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

এরই ধারাবাহিকতায় গত শুক্রবার ও শনিনার মেহেরপুর শহরের ৫ নং ওয়ার্ডের প্রায় ৭শ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

খাদ্য বিতরণকালে মেয়র বলেন, মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মাইনুল হোসেন খান নিখিল ভাইয়ের আহবানে চলমান কোভিড-১৯ করোনা মহামারীতে ক্ষতিগ্রস্ত মেহেরপুর পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডে কর্মহীন প্রতিটি পরিবারের মাঝে খাবার সামগ্রী উপহার বিতরণ করা হয়।

মেপ্র/এমএফআর

মেহেরপুর প্রতিদিন পত্রিকার ‘কুষ্টিয়া ব্যুরো’ অফিস উদ্বোধন

মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধন হয়েছে।

শনিবার বিকালে শহরের পাঁচ রাস্তা মোড়ে তমিজউদদীন সুপার

মার্কেটের দোতলায় সামাজিক দুরত্ব বজায় রেখে এক সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে ফিতা কেটে ব্যুরো অফিস উদ্বোধন করেন লেখক ও গবেষক ড. আমানুর আমান।

এসময় তিনি বলেন, সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পন। সমাজ উন্নয়নে সংবাদপত্র এবং সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম।

তিনি বলেন, স্থানীয় কিংবা জাতীয় পত্রিকার মতো দৈনিক মেহেরপুর প্রতিদিন আঞ্চলিক বিভিন্ন সংকট, সমস্যা এবং সম্ভাবনা নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাহসী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মেহেরপুরের মতো ছোট এক জেলা থেকে পত্রিকা প্রকাশ এবং তা পাশ্ববর্তী জেলায় প্রচার প্রচারনার সত্যি আনন্দের বিষয় বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার তরুণ সাংবাদিক এসএম জামালকে পত্রিকাটির দায়িত্ব দেওয়ায় তার মাধ্যমে এই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার চিত্র তুলে ধরতে সহায়ক ভুমিকা পালন করবে। আজকের এই শুভ দিনে সৃজনশীল সংবাদ পরিবেশনের ক্ষেত্রে দৈনিক মেহেরপুর প্রতিদিন কলেবর আরো বৃদ্ধি এবং উত্তরোত্তর উন্নতি কামনা করে এই অফিসের শুভ উদ্বোধন ঘোষণা করছি।

এসময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, যুগ্ম সম্পাদক আল-আমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মুর্তজা ফারুক রুপক, মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো প্রধান এসএম জামাল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, তিন বছরে পা দিয়েছে মেহেরপুর প্রতিদিন পত্রিকা। এটি মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহে ব্যাপক প্রচার প্রচারনা রয়েছে। এই কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধনের মধ্য দিয়ে এ জেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে পাঠক প্রিয়তা পাবে বলে আমি বিশ্বাস করি।

তিনি আরও বলেন, বৈশ্বিক করোনা মহামারীতেও যখন প্রিন্ট পত্রিকার প্রকাশনা বন্ধ সেখানে প্রতিদিন এ পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে। এই পত্রিকার মাধ্যমে গ্রেটার কুষ্টিয়াকে তুলে ধরতে চাই বিশ্বের দরবারে।

পত্রিকার ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আঞ্চলিক পত্রিকার গুরুত্ব ব্যাপক। এসব আঞ্চলিক পত্রিকা অঞ্চল ভেদে

সংবাদের গুরুত্ব তুলে ধরে থাকে। আঞ্চলিক কাগজের আলাদা একটি বৈশিষ্ট্য আছে। তাই সকলের সহযোগিতায় এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা আঞ্চলিক পত্রিকার স্বীকৃতি পাবো এমনটাই আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে প্রধান সমন্বয়ক এস এম জামাল বলেন, সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথ মজুমদার এই কুষ্টিয়া তথা কুমারখালিতে জন্মগ্রহন করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার মধ্য দিয়ে তিনি সমাজের নির্যাতিত নিপীড়িত মানুষের কথা তুলে ধরেছেন। তাঁর হাত ধরেই এই কুষ্টিয়া জেলা সাংবাদিকতার উর্বরভুমি হিসেবেও পরিচিতি লাভ করেছে।

এ জেলা থেকে সাপ্তাহিক, পাক্ষিক ও দৈনিক মিলিয়ে প্রায় ৫৬ টি পত্রিকা প্রকাশ হয়ে আসছে। পত্রিকার এই ভীড়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার এই কুষ্টিয়া ব্যুরো অফিস আমাদের পত্রিকার নতুন মাইল ফলক হিসেবে কাজ করবে। তাই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে মেহেরপুর প্রতিদিন পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

এসময় প্রতিদিনের সংবাদের কুষ্টিয়া প্রতিনিধি রবিউল ইসলাম ইভান, আন্দোলনের বাজার পত্রিকার ভেড়ামারা প্রতিনিধি আবু ওবাইদা আল মাহাদী, ক্যামেরাপারসন রাশেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাব্বিরের উদ্যোগে সবজি বিতরণ

বর্তমান করোনা পরিস্থিতিতে মানবেতর জীবনযাপন করছেন সমাজের নিম্ন এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের সদস্যরা। অনাহারে কাটছে অনেক মানুষের জীবন। সমাজের মানুষদের এই অসহায়ত্ব পাশে দাড়িয়েছেন মেহেরপুরের মুখার্জি পাড়ার সাব্বির আহমেদ।

শনিবার সকাল ১০ টায় মেহেরপুরের থানা চত্বর এলাকায় সবজি বিতরণ করেন।

তিনি বলেন, বিগত ৫০ দিন যাবৎ খাদ্য সামগ্রী বিতরণের কাজ করছি। টিউশনির টাকা থেকে শুরু হলেও বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,আত্মীয়-স্বজন এবং মেসডা নামক সংগঠনের সহযোগিতায় অসহায় মানুষদের মাঝে খাদ্য সামগ্রী পৌঁছিয়ে দিয়ে কাজ করে যাচ্ছি।

সাব্বিরের নেওয়া উদ্যোগের মধ্যে রয়েছে মানবতার দেয়ালের আদলে খাদ্য সামগ্রীর ফ্রি দোকান, ইদ উপহার, ইফতার সামগ্রী, বাড়ি বাড়ি খাদ্য সামগ্রী, সবজি যাবে আপনার বাড়ি, প্রয়োজনীয় ঔষধ, মাস্ক বিতরণ, সচেতনতামূলক লিফলেট বিতরণ, জীবাণুনাশক ব্লিচিং পাউডার স্প্রে সহ আরো অনেক কার্যক্রম। জানা যায়, মানুষের সহযোগিতা অব্যাহত থাকলে তাদের এইসব কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করছে নাঈম, রাব্বি, আকাশ, বর্ষা, নান্নু, পিয়াস, বন্না, তানভীর, আকাশ সহ অনেকে।

মেহেরপুর গাংনীতে বিজিবির সদস্যর স্ত্রীর স্বীকৃতি পেতে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে এক বিজিবির সদস্যর স্ত্রী হিসেবে স্বীকৃতি পেতে এবং তার বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন প্রথম স্ত্রী নাসিমা খাতুন। শনিবার দুপুরে গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। ওই বিজিবি সদস্য গাংনীর পীরতলা গ্রামের রেজাউল হকের ছেলে লিটন মিয়া।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে নাসিমা খাতুন জানান, বছর দশেক আগে তার প্রথম স্বামী মারা যাওয়ার পর দুই সন্তানসহ স্বামীর বাড়ি নওদাপাড়া গ্রামে ও তেঁতুলবাড়িয়া গ্রামে পিতা আরোজ উল্লাহর বাড়িতে অবস্থান করতেন। ২০১৫ সালের প্রথমে লিটনের সাথে পরিচয় ঘটে।

ওই বছরের মে মাসে চুয়াডাঙ্গার আলোকদিয়া নিকাহ রেজিস্টার নাসির উদ্দীনের কার্যালয়ে তিন লাখ টাকা মোহরানা ধার্য করে বিবাহ

সম্পন্ন হয় এবং ঢাকাতে নিয়ে স্বামী স্ত্রীর ন্যায় বসবাস শুরু করেন। সেসময় চট্টগ্রাম চকোরিয়াতে চাকুরির কথা বলে চলে যান লিটন। স্বামীর কথা অনুযায়ী নাসিমা একটি গার্মেন্টস্ ফ্যাক্টরীতে চাকরী নেন। চাকুরি করাকালীণ সময়ে প্রাপ্য বেতনে নিজের খরচ মেটানো ছাড়াও বাকী টাকা তুলে দিতেন স্বামী লিটনের হাতে।

এভাবেই কেটে যায় পাঁচটি বছর। গত পাঁচ মাস আগে লিটন নিজেকে অবিবাহিত পরিচয় দিয়ে গাংনীর ব্রজপুর গ্রামে ইন্তাজ আলীর মেয়ে অনামিকার সাথে বিয়ে করেন। বিষয়টি জানতে পেরে প্রথম স্ত্রী নাসিমা ঢাকা থেকে বাড়ি আসেন ও স্ত্রীর অধিকার আদায়ে শ্বশুর বাড়িতে গেলে ওই বাড়ির লোকজন নাসিমাকে বাড়ি থেকে তাড়িয়ে দেয়। স্ত্রীর অধিকার পেতে বিভিন্ন জনের কাছে ঘুরেও কোন সমাধান না পেয়ে তিনি সংবাদ সম্মেলন করেন।

নাসিমা আরো জানান, স্বামী লিটন তার অধিকার হরণ করে মিথ্যার আশ্রয় নিয়ে দ্বিতীয় বিয়ে করেছেন। তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ ও বিচার দাবী করেন।

ঝিনাইদহের কুমড়াবাড়িয়া ইউনিয়ন চেয়ারম্যানের বিরুদ্ধে ভিজিডি’র চাল আত্মসাতের অভিযোগ।

ঝিনাইদহ সদর উপজেলার ০৫ নং কুমড়াবাড়ীয়া ইউনিয়নে দরিদ্রদের খাদ্য বান্ধব ভিজিডির ১০ টাকা কেজি চাল আত্নসাতের অভিযোগ উঠেছে।ঐ ইউনিয়নের হতদরিদ্র অসহায় মানুষদের অভিযোগ, ডিলার জাহিদুল ইসলাম মাস্টারের সহযোগিতায় ইউপি চেয়ারম্যান দীর্ঘদিন যাবত তাদের নামে কার্ড করেছেন। অথচ তাদেরকে চাল না দিয়ে ইউপি চেয়ারম্যান নিজেই তাদের নামিও কার্ডের চাল উত্তোলন করে আত্নসাত করে যাচ্ছেন।

জেলা-উপজেলায় সরকারের মানবিক সহায়তা প্রাপ্যদের তালিকাভুক্তির

সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি তদন্ত করে দোষীদের শান্তি দাবি করে সঠিক ভাবে চাল বণ্টনের জোর দাবি জানান।

জেলা-উপজেলায় সরকারের মানবিক সহায়তা প্রাপ্যদের তালিকাভুক্তির আওতায় আছেন কিন্তু তারা কার্ড পাননি । নিয়ম হলো সরকারের ভিজিডি কিংবা খাদ্যবান্ধব কর্মসূচির অন্তর্ভুক্ত থাকলে সংশ্লিষ্ট ব্যক্তি মানবিক সহায়তা কর্মসূচির আওতামুক্ত থাকবেন। কিন্তু এখানে তার ব্যাতিক্রম দেখা গেছে বলে এলাকার সচেতন মহলের দাবি।

অভিযোগ ওঠা ডিলার হলেন, উপজেলার কুমড়াবাড়ীয়া ইউনিয়নের কুমড়াবাড়ী গ্রামের মোঃ জাহিদুল ইসলাম মাস্টার । লিখিত অভিযোগে বলা হয়, তাঁরা কোনো দিনই খাদ্যবান্ধব কর্মসূচির চাল উত্তোলন করেননি। এমনকি তাঁরা জানেন না যে তাঁদের নামে কার্ড আছে।

এ বিষয়ে কুমড়াবাড়ীয়া ইউনিয়নের ইউপি চেয়ারম্যান আশরাফুল ইসলাম বলেন,বিষয়টি নিয়ে কয়েকজন মেম্বার আমার কাছে অভিযোগ করেছেন এ বিষযয়ে যাচাই-বাছাই করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন, আমার ইউনিয়নে কিছু মেম্বার রাজনৈতিকভাবে বিরোধি থাকায় তারা আমার নামে মিথ্যা অভিযোগ দিয়ে হয় রানি করার চেষ্টা করছে।

মেহেরপুর জেলা বিএনপি’র খাদ্য বিতরণ

মেহেরপুরে জেলা বিএনপির উদ্যোগে ৫শ’টি অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

জিয়াউর রহমান এর ৩৯ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ৫ শ অসহায় দুস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী তুলে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

শনিবার সকাল ৬ টার সময় মেহেরপুর জেলা বিএনপি র অফিস চত্বরে এ খাদ্য সামগ্রী প্রদান করা হয়।

খাদ্য বিতরণকালে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,
জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম-সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু,
সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা বিএনপির অন্যতম নেতা শাজাহান সাহান,জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আজমল হোসেন মিন্টু,জেলা যুবদলের সহ-সভাপতি মুশারফ হোসেন তপু, যুগ্ম-সম্পাদক সাইদুর রহমান সুজন, যুগ্ম-সম্পাদক নওশেল আহমেদ রনি,
মুজিবনগর যুবদলের যুগ্ম আহ্বায়ক খোরশেদ আলম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাবেদ সেনজির,
সহ-সভাপতি তৌফিক এলাহী শাকিল, সাধারণ-সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক-সম্পাদক সাঈদ বিন রফিক সিজার, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন প্রমুখ।

ঝিনাইদহে করোনার উপসর্গ নিয়ে একজনের মৃত্যু

করোনার উপসর্গ নিয়ে ঝিনাইদহ সদর হাসপাতালে জসিম উদ্দীন (৩৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিযনে রামনগর গ্রামের শওকত আলীর ছেলে। জ্বর,সর্দি, কাশি ও শ্বাসকষ্ট জনিত কারনে তাকে সদর হাসপাতালে ভর্তি হয়। চিকিৎসাধীন অবস্থান শনিবার (৩০ মে) ভোর ৫ টার দিকে তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ অপূর্ব কুমার সাহা।

তিনি আরো জানান, গত ২৭ মে জ্বর,সর্দি, কাশি ও শ্বাসকষ্ট উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হন জসিম উদ্দীন। তাকে চিকিৎসা দেয়া হচ্ছিল। শনিবার ভোর ৫ টার দিকে তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যু ব্যক্তির নমুনা সংগ্রহ করে পরীক্ষা জন্য পাঠানো হয়েছে। সদর হাসপাতালের একজন ডাক্তার প্রতিনিধিসহ ইসলামী ফাউন্ডেশনের একটি টিম তার লাশের দাফন কাফনের ব্যবস্থা করছেন বলেও তিনি জানান।

ঝিনাইদহ মহেশপুরে ছেলেকে হত্যার পর মায়ের আত্মহত্যা

ঝিনাইদহের মহেশপুরে ৬ বছরের ছেলেকে হত্যা করে আত্মহত্যা করেছে মা। শুক্রবার রাতে উপজেলার নেপা ইউনিয়নের বাকোশপোতা গ্রামে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, ওই গ্রামের মামুন হোসেনের স্ত্রী রিফা খাতুন (২৫) ও তার ৬ বছরের পুত্র সন্তান রাব্বী হাসান রিফাত।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খাঁন জানান, গেল রাতে শিশু পুত্র রিফাত কে সাথে নিয়ে ঘরের বারান্দায় ঘুমিয়ে ছিল পিতা মামুন মিয়া। রাত ৩ টার দিকে গোয়াল ঘরে গরুর খাবার দিয়ে ফিরে এসে দেখে বিছানায় নেই রাব্বী। পরে জানালা দিয়ে টর্চের আলোয় ঘরের ভিতরে দেখতে পায় স্ত্রী রিফা খাতুন গলায় ফাঁস নিয়ে ঝুলছে। তার চিৎকারে প্রতিবেশীরা ছুটে এসে দরজা ভেঙে ভিতরে ঢুকে রাব্বীকে মৃত অবস্থায় দেখতে পায়। পরে খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে পুলিশ সকালে লাশ দুটি উদ্ধার করে। ধারনা করা হচ্ছে ছেলেকে শ্বাসরোধে হত্যার পর মাও আত্নহত্যা করেছে।

তিনি আরো জানান, মৃত রিফা খাতুন মানষিক ভারসাম্যহীন ছিল বলে জানা গেছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। লাশ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে গোয়েন্দা পুলিশসহ ৭ জন করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে এক গোয়েন্দা পুলিশ সদস্যসহ আরও ৭ জন করোনা রোগী সনাক্ত হয়েছে। শনিবার ৩০ মে কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৬ টি প্রাপ্ত রিপোর্টের মধ্যে ৭ জন পজেটিভ বলে নিশিত করেছেন সিভিল সার্জন ডা. নাসিরুদ্দিন।

মেহেরপুর পুলিশ সুপার কার্যালয় সুত্রে জানা যায়, ডিএসবিতে কর্মরত রফিক নামের এক কনস্টেবল করোনা পজিটিভ হয়েছে।

অন্য আক্রান্তের সবাই মেহেরপুর সদরের। এর মধ্যে কোলা গ্রামে করোনা উপসর্গ নিয়ে মৃত বারিউজ্জামান লিটু করোনা পজিটিভ। একই সাথে পরিবারের আরও ৪ জন সদস্য করোনায় আক্রান্ত হয়েছে। অন্য একজন হচ্ছে মেহেরপুর শহরের তাতীপাড়ার এক মহিলা।

এ নিয়ে মেহেরপুরে মোট করোনা রোগী সনাক্ত হয়েছে ২৫ জন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন ৭ জন করোনা রোগী সনাক্ত

মেহেরপুরে নতুন করে এক পুলিশ সদস্যসহ আরও ৭ জন করোনা রোগী সনাক্ত হয়েছে। শনিবার ৩০ মে কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৬ টি প্রাপ্ত রিপোর্টের মধ্যে ৭ জন পজেটিভ বলে নিশিত করেছেন সিভিল সার্জন ডা. নাসিরুদ্দিন।

তিনি আরও জানান, আক্রান্তের সবাই মেহেরপুর সদরের। এর মধ্যে কোলা গ্রামে করোনা উপসর্গ নিয়ে মৃত বারিউজ্জামান লিটু করোনা পজিটিভ। একই সাথে পরিবারের আরও ৪ জন সদস্য করোনায় আক্রান্ত হয়েছে।

অপর দিকে জেলা পুলিশ সুপারের কার্যালয়ের এক পুলিশ সদস্য করোনা পজিটিভ।

অন্য একজন হচ্ছে মেহেরপুর শহরের তাতীপাড়ার এক মহিলা আক্রান্ত।

এ নিয়ে মেহেরপুরে মোট করোনা রোগীর সংখ্যা দাড়াল ২৫ টি।

মেপ্র/ এমএফআর